# রাষ্ট্রপতি নির্বাচনে অলি আহমদের মনোনয়নপত্র সংগ্রহ



অলি আহমদ। ছবি: সংগৃহীত

আসন্ন রাষ্ট্রপতি নির্বাচনে লিবারেল ডেমোক্রেটিক পার্টির (এলডিপি) চেয়ারম্যান অলি আহমদের প্রার্থিতা নিশ্চিত করতে মনোনয়নপত্র সংগ্রহ করেছে ১১ দলীয় জোট। সোমবার (১০ আগস্ট) সকালে রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন কমিশন কার্যালয়ে যান জোটের একটি প্রতিনিধিদল। সেখানে রিটার্নিং কর্মকর্তার কার্যালয় থেকে অলি আহমদের পক্ষে মনোনয়নপত্র সংগ্রহ করা হয়।

মনোনয়নপত্র সংগ্রহের পর আয়োজিত ব্রিফিংয়ে জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আযাদ বলেন, নির্বাচনে জয়-পরাজয় মুখ্য বিষয় নয়। গণতান্ত্রিক প্রক্রিয়াকে এগিয়ে নেওয়াই তাদের প্রধান লক্ষ্য। রাষ্ট্রপতি নির্বাচনের মাধ্যমে গণতান্ত্রিক চর্চার সুস্থ ধারা ফিরিয়ে আনার উদ্দেশ্যেই ১১ দলীয় জোট প্রার্থী দিয়েছে বলে জানান তিনি।

নির্বাচন কমিশনের ঘোষিত তফসিল অনুযায়ী, রাষ্ট্রপতি নির্বাচনে মনোনয়নপত্র জমা দেওয়ার সময় ১৩ আগস্ট সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত। মনোনয়নপত্র যাচাই-বাছাই হবে ১৬ আগস্ট। প্রার্থিতা প্রত্যাহারের শেষ সময় ১৮ আগস্ট।

নির্বাচনে ভোট গ্রহণ হবে ২০ আগস্ট। ওইদিন জাতীয় সংসদ ভবনের অধিবেশন কক্ষে দুপুর ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

এর আগে গত ২৪ জুলাই দেশের ২২তম রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন পদত্যাগ করেন। তার পদত্যাগের পর ২৩তম রাষ্ট্রপতি নির্বাচনের আনুষ্ঠানিক প্রস্তুতি শুরু করে নির্বাচন কমিশন।